



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
সরকারি কলেজ শাখা-২  
www.dshe.gov.bd



নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.৮৬৯

১২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ২৫ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

### অফিস আদেশ

ন্যাশনাল একাডেমি ফর অর্টিজম এন্ড নিউরো-ডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটিজ-NAAND-এর অধ্যক্ষ প্রফেসর মোহাম্মদ গিয়াস উদ্দিন অবসরজনিত কারণে ৩১-১২-২০২৩ তারিখে দায়িত্বভার হস্তান্তর করেন এবং জ্যেষ্ঠ কর্মকর্তা মনোবিজ্ঞান বিষয়ের সহযোগী অধ্যাপক জনাব ফারহানা নাসরিন (আইডি-৮৮০৬) ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। সে মোতাবেক NAAND-এর কার্যক্রম পরিচালনার জন্য আর্থিক ক্ষমতা প্রদানের জন্য আবেদন করেন।

আবেদনের প্রেক্ষিতে, ন্যাশনাল একাডেমি ফর অর্টিজম এন্ড নিউরো-ডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটিজ-NAAND-এর কার্যক্রম পরিচালনার জন্য জনাব ফারহানা নাসরিন (আইডি-৮৮০৬)-কে দায়িত্বভার গ্রহণের তারিখ হতে শর্ত মোতাবেক সাময়িকভাবে আর্থিক ক্ষমতা প্রদান করা হলো।

শর্তসমূহ:

- পরবর্তীতে অধ্যক্ষ যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- প্রতিষ্ঠানের কার্যাদি সম্পাদনের জন্য তাঁকে প্রতিষ্ঠানিক বেতন-ভাতা ও সম্মানীসহ আনুষঙ্গিক বিলসমূহ স্বাক্ষরদানের ক্ষমতা ট্রেজারী ও সাবসিডিয়ারী আইনের এসআরও/৯৬ ডলিউম-১ ধারা মোতাবেক সাময়িকভাবে প্রদান করা হলো।
- উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতা থাকাকালীন সময়ে যে কোনো প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনি দায়ী থাকবেন। তাঁকে নির্দিষ্ট রেজিস্টারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। তিনি এর জন্য কোনো দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

*Fanis*

২৫-০৪-২০২৪

মোঃ তানভীর হাসান

সহকারী পরিচালক

ad\_college2@dshe.gov.bd

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.৮৬৯/১ (৮)

১২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ২৫ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৩। প্রকল্প পরিচালক,.....;
- ৪। উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৫। জনাব ফারহানা নাসরিন (আইডি-৮৮০৬), ন্যাশনাল একাডেমি ফর অর্টিজম এন্ড নিউরো-ডেভেলপমেন্টাল ডিজএ্যাবিলিটিজ-NAAND, ঢাকা;
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন ঢাকা;;
- ৭। বিভাগীয়/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ..... এবং
- ৮। সংরক্ষণ নথি।



*Fanis*

২৫-০৪-২০২৪

মোঃ তানভীর হাসান

সহকারী পরিচালক